



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০০৮০, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০০৮৩, ৫৫০৩০১১৩, হটলাইন: ১৬১১৯

E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং ৩৬.০৫.০০০০.০০৩.৪৭.৫৯৫.২২

২৬৬১ (৪)

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

প্রাপক,

ব্যবস্থাপনা পরিচালক

সুপ্রীম ট্রেডিং কর্পোরেশন

১০৭/১/বি, তেজতুরী বাজার চক লেন, পূর্ব রাজাবাজার, শেরে বাংলা নগর
ঢাকা-১২১৫।

বিষয়: আমদানিকৃত ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

আপনার প্রতিষ্ঠান কর্তৃক এল সি নং ০০০০১৩৪৯২২০১০৪০৭; তারিখ ২১.১২.২০২২; বিল অব এন্ট্রি নং সি ৫০০৫৭৩, তারিখ ২৭.০৩.২০২৩ এর মাধ্যমে আমদানীকৃত ২৪,৯৪২.০০ কেজি ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল এর নমুনা বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম কর্তৃক বন্দর হতে সংগ্রহপূর্বক বাংলাদেশ মান (বিডিএস ১৭৭৩: ২০১৬) অনুযায়ী পরীক্ষান্তে পণ্যের নমুনা ভিটামিন 'এ' প্যারামিটারে অকৃতকার্য হওয়ায় ছাড়পত্র প্রদান প্রত্যাখান করা হয়। বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল পণ্যটি এম এম ভেজিটেবল অয়েল প্রোডাক্টস লিমিটেড, চট্টগ্রাম থেকে যথাযথভাবে ভিটামিন 'এ' Fortification করে অনুমোদন গ্রহণপূর্বক বিক্রয়-বিতরণ করার প্রতিশ্রুতি ও আবেদনের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো।

শর্তাবলী:

- ❖ দেশে নির্ধারিত মাত্রায় ভিটামিন 'এ' Fortification/ভিটামিন 'এ' সমন্বয় করে বিএসটিআই হতে বাংলাদেশ মান (বিডিএস ১৭৭৩:২০১৬) অনুযায়ী ফর্টিফাইড এডিবল সানফ্লাওয়ার অয়েল পুনরায় পরীক্ষণপূর্বক পণ্যটির অনুকূলে ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং চূড়ান্ত ছাড়পত্র গ্রহণ না করা পর্যন্ত পণ্যটি বিক্রয়-বিতরণ করা যাবে না এবং ইনটেক অবছায় এম এম ভেজিটেবল অয়েল প্রোডাক্টস লিমিটেড, চট্টগ্রাম-এর কারখানায় সংরক্ষণ করতে হবে।
- ❖ ভিটামিন 'এ' Fortification এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রামকে অবহিত করতে হবে এবং চূড়ান্ত ছাড়পত্র গ্রহণের জন্য নমুনা প্রদান করতে হবে। অতঃপর বিধি মোতাবেক চূড়ান্ত ছাড়পত্র প্রদান করা হবে।

এই সাময়িক ছাড়পত্র জারির মাধ্যমে বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম থেকে স্মারক নং ৩৬.০৫.২০০০.০০৩.৫১.০০৩.২৩.১৪২৭৬; তারিখ: ১২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত প্রত্যাখ্যান পত্রটি সাময়িকভাবে স্থগিত করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ নূরুল আমিন)

পরিচালক (সিএম)

টেলিফোন: ৫৫০৩০১১৫।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, চট্টগ্রাম। বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত সানফ্লাওয়ার অয়েল দেশে নির্ধারিত মাত্রায় ভিটামিন 'এ' Fortification করার লক্ষ্যে সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো এবং পরবর্তীতে নমুনা পরীক্ষান্তে সন্তোষজনক পাওয়া সাপেক্ষে চূড়ান্ত ছাড়পত্র/বাজারজাতের অনুমতি প্রদান করা হবে।
- ২। পরিচালক বিএসটিআই বিভাগীয় অফিস আগ্রাবাদ, জাম্বুরী মাঠ, চট্টগ্রাম। চূড়ান্ত ছাড়পত্র ইস্যু না করা পর্যন্ত প্রতিষ্ঠানটির আমদানিকৃত পণ্য গুদামজাত করার বিষয়টি তদারক করার জন্য একজন কর্মকর্তাকে নিয়োগ প্রদানের জন্য এবং Fortification করার পর চূড়ান্ত ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে আবেদনপত্র দাখিল করলে বিধি অনুযায়ী পুনরায় নমুনা সংগ্রহ ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক এম এম ভেজিটেবল অয়েল প্রোডাক্টস লিমিটেড, ভাটিয়ারি, সীতাকুন্ড, চট্টগ্রাম। ভোজ্য তেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ আইন, ২০১৩ এবং বিডিএস ১৭৭৩:২০১৬ অনুযায়ী ভিটামিন 'এ' ফর্টিফিকেশন ব্যতীত পণ্য চালান আবেদনকারীর বরাবরে হস্তান্তর না করার অনুরোধসহ।

৪। পিএ টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।